ঠাঁকুরপুর থেকে কার্পাসডাঙ্গা বাজারে যেতে রাস্তার বেহাল দশা

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার কুড়ুলগাছি ইউনিয়নের ঠাঁকুরপুর থেকে কাঁপাডাঙ্গা বাজারে যাওয়ার পথে রাস্তার বেহাল দশার পরিণত হয়েছে। দীর্ঘ দিন সংস্কার না হওয়ায় রাস্তাগুলো খানাখন্দে ভরা ও ছোট-বড় অসংখ্য গর্তের সৃষ্টি হয়েছে।

তাই চলাচল করতে গিয়ে প্রতিনিয়িত পথচারী ও যাত্রীরা ভোগান্তির শিকার হচ্ছেন। সবচেয়ে খারাপ অবস্থায় ঠাকুরপুর কবরস্থান মোড় থেকে ধাপারের পুলের ওখান থেকে শুরু করে পীরপুরকুল্লা ঢুকতে ওই মোড় পর্যন্ত রাস্তাটি ভেঙে একেবারেই চলাচলের অযোগ্য হয়ে গেছে। ঘটছে ছোট বড় দুর্ঘটনা ।

বিশেষ করে স্কুল/মাদ্রাসার ছাত্র ছাত্রীর বেশি সমস্যা হয়, ঠাঁকুরপুর থেকে কার্পাসডাঙ্গা বাজারে যায় শুধু ঠাকুরপুর গ্রামের মানুষ না আরো দুই/তিন টা গ্রাম মিলে কাঁপাসডাঙ্গা বাজারে চলাচল করে। তাই স্থানীরা বলেন, দ্রুত মেরামতের দাবী সংশিষ্ট কতৃপক্ষের কাছে।

আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়ন আওয়ামী যুবলীগের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালিত

গাছ লাগান পরিবেশ বাঁচান” ।এই শ্লোগানকে সামনে রেখে জাতির জনক বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে গতকাল বৃহস্পতিবার বিকাল ৫ ঘটিকার সময় চিৎলা ইউনিয়ন হাপানিয়া স্কুল মাঠে ইউনিয়ন আওয়ামী যুবলীগের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী যুবলীগের আহবায়ক জনাব নঈম হাসান জোয়ার্দ্দার।উপস্থিত ছিলেন জেলা যুবলীগের যুগ্ন আহ্বায়ক জনাব জিল্লুর রহমান জিল্লু, হাপানিয়া ক্যাম্প ইনচার্জ মোস্তফা, জেলা যুবলীগের সদস্য হাফিজুল ইসলাম হাপু,আরিফ, সৈকত। আরো উপস্থিত ছিলেন চিৎলা ইউনিয়ন আওয়ামী যুবলীগের আহবায়ক জনাব ইমদাদুল হক, যুগ্ন আহবায়ক রবিউল ইসলাম মল্লিক, জনাব শাহ্ আল ইমরান, মনজুর রহমান মঞ্জু, ইউনিয়ন যুবলীগের সদস্য শাহনেওয়াজ সজল, টিটু, আলাউদ্দিন, সাইদুর, আলম প্রমুখ।

জেলা যুবলীগের আহ্বায়ক নঈম হাসান জোয়ার্দ্দার বলেন, বৃক্ষরোপণ একটি মহৎ কাজ। প্রত্যেকে একটি করে ফলোজ, বনজ ও ঔষধি গাছ লাগাতে হবে।
এরপর তিনি নিজে গাছ লাগানোর কাজে অংশগ্রহণ করেন।

প্রিয় মেহেরপুর গ্রুপের মাস্ক বিতরণ

প্রিয় মেহেরপুর গ্রুপের পক্ষ থেকে অটোরিকশা, ভ্যান চালক, মোটর সাইকেল, আরোহীদের মধ্যে পাঁচ’শ মাস্ক বিতরণ করা হয়।

বৃহস্পতিবার বিকালে মেহেরপুর সদর ওয়াবদার মোড়ে খালিদ হাসান মাস্ক বিতরণ কর্মসূচী শুভ উদ্বোধন করেন। এসময় তিনি বলেন সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও প্রাণঘাতী করোনাভাইরাসের আক্রান্তের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। তারই পরিপেক্ষিতে আজ আমরা কিছু সংখ্যক মানুষের মাঝে মাস্ক বিতরণ করেছি।

এসময় উপস্থিত ছিলেন সাজুল, আকাশ শাহজাদা, সোহান,তহির, দিপু, মুন্না, রাসেলসহ গ্রুপের সদস্যবৃন্দ

ঝিনাইদহে যাত্রী সেজে ইজিবাইক ছিনতাইয়ের চেষ্টায় জনতার হাতে আটক-১

ঝিনাইদহে যাত্রী সেজে ইজিবাইক ছিনতাইয়ের চেষ্টায় গোলাম রসুল
(২৫) নামে একজন জনতার হাতে আটক হয়েছে। বুধবার (৮ জুন) জেলার সদর উপজেলার উদয়পুর গ্রামে এ ঘটনা ঘটে। ঘটনার সাথে জড়িত বিশারত নামে আরও একজন পালিয়ে গেছে বলে জানা গেছে। এ ঘটনায় ভুক্তভুগি সোহান
(১৬) নিজেই বাদী হয়ে অপরাধীদের বিরুদ্ধে ঝিনাইদহ সদর থানায় একটি এজাহার দায়ের করেন। ইজিবাইক চালক সোহান রাজবাড়ী জেলার পাংশা থানার জসাই গ্রামের আমিনুর রহমানের ছেলে। সে ঝিনাইদহ কোড়াপাড়া এলাকায় নানা বাড়ি থাকেন।

গ্রেফতার কৃত গোলাম রসুল ঝিনাইদহ সদর উপজেলার কাশিপুর গ্রামের চান আলীর ছেলে। পালিয়ে যাওয়া অন্য আসামি মোঃ বিশারদ পিতা (অজ্ঞাত) ঝিনাইদহ পৌর এলাকার খাজুরা গ্রামের ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান বলেন, ভুক্তভুগি সোহান পেশায় একজন ইজিবাইক চালক। ঘটনার দিনে ঝিনাইদহ এইস এস এস সড়ক (ওয়াজির আলী স্কুলের পূর্ব পাশে) অবস্থিত মৃত হাফিজুর রহমানের ছেলে মুকুল জোয়ারদারের কাছ থেকে দিনে ৪০০ টাকা ভাড়ায় নিয়ে শহর সহ আশপাশ ইজিবাইক চালাতে থাকে। আসামী দু’জন দুপুর ৩ টার দিকে শহর কেন্দ্রিক লাউদিয়া থেকে গোয়াল পাড়া বাজারে যাওয়ার কথা বলে সোহানের ইজিবাইকে ওঠে।

এরপর আসামি গোলাম রসুল ও বিশারত বিভিন্ন এলাকায় ঘুরে সন্ধা ৭টার দিকে ঝিনাইদহ পৌর এলাকার উদয়পুর হাইস্কুলের ৫০গজ দক্ষিনে পাকা রাস্তার উপর গেলে আসামি বিশারদ হঠাৎ তার মুখ চেপে ইজি বাইকের চাবি নিয়ে নেয়। এ সময় আসামি বিশারদ এর হাতে কামড় দিলে সে হাত সরিয়ে নেয়। এরপর ইজিবাইক চালক চিৎকার দিলে এলাকাবাসী ছুটি আসে।

এ সময় আসামি দু’জন পালানোর সময় পবহাটি কলা হাটার সামনে থেকে আসামি গোলাম হোসেনকে এলাকাবাসী ধরে ফেলে, সাথে থাকা অন্য আসামি বিশারদ পালিয়ে যায়। ওসি বলেন,এ ঘটনায় মামলার প্রস্তুুতি চলছে।

শৈলকুপায় গৃহহীন আদিবাসীদের ঘর বরাদ্দে অনিয়ম ও দুর্নীতির প্রতিবাদে সংবাদ সম্মেলন

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার আদিবাসী সম্প্রদায়ের জীবনমানের উন্নয়ন সাধনে “ জমি আছে ঘর নেই” প্রধানমন্ত্রীর আশ্রায়ন প্রকল্প-২ এর আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে দশটি ঘরনির্মাণ কাজে ও ঘর বরাদ্দে উপজেলা নির্বাহী অফিসার সাইফুল ইসলাম, অফিস সহকারী ইসমাইল ও মিন্টু এবং সততা আদিবাসী সমাজ কল্যাণ সংস্থার সভাপতি রাম সরকার এর বিরুদ্ধে ঘুষ-দুর্নীতি ও অনিয়মের অভিযোগ এনে সংবাদ সম্মেলন করেছেন শৈলকুপা উপজেলার আদিবাসী সম্প্রদায়। বুধবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে আদিবাসী সম্প্রদায়দের পক্ষে লিখিত বক্তব্য পাঠ করেন কুমিড়াদহ আদিবাসি শ্রমজীবি সমবায় সমিতির সদস্য দিলীপ কুমার বিশ্বাস।

তিনি লিখিত বক্তব্যে বলেন, প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগে আদিবাসিদের ঘর নির্মাণে দুই লাখ বিশ হাজার টাকা ঘরপ্রতি বরাদ্দের পরও প্রত্যেকের নিকট থেকে চল্লিশ, পঞ্চাশ ও ষাট হাজার টাকা ঘর বরাদ্দ বাবদ ঘুষ গ্রহণ করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসের স্টাফ ইসমাইল ও মিন্টু’র দাবিকৃত টাকা যারা দিতে ব্যর্থ হয়েছে তাদের ভাগ্যে ঘর জোটেনি। উপজেলাতে সাতটি আদিবাসী সমিতি সংগঠন থাকলেও উপজেলা নির্বাহী অফিসের পছন্দমত দুই-তিনটি সমিতির লোকদের টাকার বিনিময়ে ঘর বরাদ্দ দেওয়া হয়েছে। ছয়টি সমিতিকে বাদ রেখে দু’টি পছন্দের সমিতিকে ঘর বরাদ্দ দেওয়া হয়েছে।

ঝিনাইদহ জেলা প্রশাসক বরাবর ২০১৯-২০২০অর্থ বছরের আদিবাসিদের বসতঘর নির্মাণে অর্থ বরাদ্দে দুর্নীতি প্রসঙ্গে ছয়টি সমিতির যৌথ স্বাক্ষরে একটি লিখিত দরখাস্ত জমা দেওয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার সাইফুল ইসলাম গোপনীয়ভাবে সততা আদিবাসি সভাপতি রাম সরকার এবং উপজেলা নির্বাহী অফিসের স্টাফ ইসমাইল ও মিন্টুর মাধ্যমে

ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেনের বিনামূল্যে মাস্ক বিতরন

করোনার প্রকট থেকে রক্ষা পেতে মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের জনগনের মাঝে বিনামূল্যে মাস্ক বিতরন করেছে বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন।

বৃহস্প্রতিবার বিকালে সোনাপুর বাজারে এ সকল মাক্স সকল জনগনের মাঝে বিতরন করেন।
এ সময় ইউপি সদস্য সোহরাব হোসেন উপস্থিত ছিলেন।

এ সময় আয়ুব হোসেন বলেন, করোনা ভাইরাস বাংলাদেশে বর্তমানে ভয়াবহ আকারে ধারন করতে শুরু করেছে। দেশের সকল জায়গায় ভাইরাসটি ছড়িয়ে পরেছে। এতে করে প্রতিদিনিই হাজার হাজার মানুষ আক্রান্ত হচ্ছে।

আর এই ভাইরাস থেকে কিছুটা রক্ষা পেতে হলে আমাদের সকলকে নিজের সাবধানতা অবলম্বন করতে হবে। নিজেকে সচেতন হতে হবে।

সকলকে সময় মত হাত ধুতে হবে।বাইরে বের হওয়ার সময় মুখে মাস্ক পরতে হবে। তাহলেই আমরা এই ভাইরাসটি থেকে কিছুটা রক্ষা পেতে পারবো।

আর সেই লক্ষে আমি মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যপক ফরহাদ হোসেনের উদ্যেগে আজ সোনাপুর গ্রামের সাধারন জনগনের মাঝে ৩ শত পিচ মাস্ক বিতরন করেছি।

আগামিতেও প্রতিটা গ্রামে জনগনের মাঝে মাস্ক বিতরন করা হবে। এ সময় তিনি সকলকে মাস্ক পরিধান করার জন্য আহব্বান জানান।

মেহেরপুরে ৭ মামলার পলাতক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সম্পাদক তপু রাইহান রবিন, জেলা ছাত্রলীগের ত্রাণ ও দূর্যোগ বিষয়ক সম্পাদক স্বাধীন,ছাত্র বৃত্তি সম্পাদক হিরোক খান,সহ সম্পাদক মেহেদী হাসান,গাংনী পৌর ছাত্রলীগের সাধারন সম্পাদক ওয়ালিল আল যাবীর প্লাবন,গাংনী পাইলট কলেজ ছাত্রলীগের যুগ্ন-সাধারন সম্পাদক তুহিন রেজা,ছাত্রলীগ নেতা মোস্তাফিজুর,মুন্না,ইমন,হ্নদয় প্রমুখ।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে এক চিকিৎসক করোনা আক্রান্ত

মেহেরপুর জেনারেল হাসপাতালের চিকিৎসক আবদুল্লাহ আল আমি করোনা আক্রান্ত হয়েছেন।

আজ বুধবার রাতে এ তথ্য নিশ্চিত হওয়া গেছে। তিনি নড়াউলের নিজ বাসভবনে আইসোলেশনে রয়েছেন।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ২০১৫টি। এযাবতকালে মোট পজিটিভ কেইস= ৯৭ (সদর- ৫১ , গাংনী -৩৮, মুজিবনগর -৮)। মৃত্যু – ৬ জন।(সদর-২, গাংনী- ৩, মুজিবনগর -১), সুস্থ্য= ৩৮ জন। ২ জন নতুন (সদর) (সদর-২০, গাংনী -১৫, মুজিবনগর -৩)। ট্রান্সফার্ড- ৯ জন (সদর-৫, গাংনী-৪)।
মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা বর্তমানে ৪৪ (সদর-২৪, গাংনী-১৬, মুজিবনগর-৪) জন।

গাংনীতে উপসর্গে মৃত জুবাইদা করোনা আক্রান্ত ছিলেন

মেহেরপুরের গাংনীতে করোনা উপসর্গ নিয়ে মারা যাওয়া জুবাইদা খাতুন
(৭২) করোনা পজেটিভ ছিলেন।
বুধবার রাত দশটায় এ তথ্য নিশ্চিত করেছেন গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার মো: রিয়াজুল আলম। তিনি জানান, পশু হাসপাতাল পাড়ার আব্দুল গনির স্ত্রী জুবাইদা খাতুন গত মঙ্গলবার সকালে তার নিজ বাড়িতে করোনা উপসর্গ নিয়ে মারা যায়। পরে তার নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য কুষ্টিয়া পিসিআর ল্যাবে পাঠানো হলে সেখান থেকে জুবাইদা খাতুন আক্রান্ত মারা গেছে বলে নিশ্চিত করা হয়।
এছাড়া করোনা আক্রান্তে মৃত জোবাইদার ছেলে আক্তারুজ্জামান চঞ্চল,বড় ছেলে বাচ্চুর স্ত্রী স্বাস্থ্য কর্মী ফারহানা ও মেয়ে নুসরাত জাহান সম্প্রতি করোনা আক্রান্ত হয়েছে। এ নিয়ে গাংনী উপজেলায় মোট আক্রান্তের সংখ্যা ৩৮। মৃত ৩। সুস্থ ১৫ জন।